

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪১২ ১(আগরতলা, ১২।২)  
মোহনপুর, ১২ ফেব্রুয়ারি, ২০১৯

লেঙ্গুছড়ায় লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় এবং পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের আর্থিক সহযোগিতায় গত ৯ ফেব্রুয়ারি লেঙ্গুছড়া আউট পোস্ট সংলগ্ন মাঠে লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। এই সংস্কৃতি উৎসবের আনুষ্ঠানিক সূচনা করে বিধায়ক কৃষ্ণধন দাস বহির্রাজ্য থেকে আগত শিল্পীদেরকে স্বাগত জানিয়ে বলেন, বিভিন্ন জাতি গোষ্ঠীর মধ্যে পারস্পরিক সাংস্কৃতিক আদান প্রদানের মধ্য দিয়ে আমাদের নিজস্ব সংস্কৃতির আরও সমৃদ্ধি ঘটবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের প্রোগ্রাম অফিসার কুনাল ঘোষ বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন বরিষ্ঠ তথ্য আধিকারিক অমৃত দেববর্মা। উপস্থিত ছিলেন সমাজসেবী কাজল দে ও বামুটিয়া পঞ্চায়েত সমিতির সদস্য জীতেন্দ্র সরকার। সভাপতিত্ব করেন সমাজসেবী পদ্ম দেববর্মা। অনুষ্ঠানে রাজস্থান, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা, হিমাচল, হরিয়ানা, আসাম ইত্যাদি রাজ্য থেকে আগত শিল্পীরা লোকনৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*